# হ্যালোটাস্ক

| | |
|---|---|
| **প্রতিষ্ঠান:** | হ্যালোটাস্ক প্ল্যাটফর্ম লিমিটেড |
| **প্রতিষ্ঠাতা:** | মেহেদী স্মরণ এবং মাহমুদুল হাসান লিখন |
| **যাত্রা:** | ২০১৭ |
| **ইন্ডাস্ট্রি:** | কনজিউমার প্রোডাক্টস্ এবং সেবা |
| **ওয়েবসাইট:** | hellotask.app |

**'হ্যালোটাস্ক'** হলো প্রথম বাংলাদেশি অ্যাপ ভিত্তিক একটি ডিজিটাল প্ল্যাটফর্ম যা বিশ্বস্ত, প্রশিক্ষিত এবং যাচাইকৃত গৃহকর্মী খুঁজে পেতে সহায়তা করে। স্টার্টআপটি ঢাকা ভিত্তিক একটি নিরাপদ অন-ডিমান্ড হাউজমেইড সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, যারা ভেরিফাইড গৃহকর্মীদের তাদের অ্যাপস এর মাধ্যমে গ্রাহকদের সাথে সংযুক্ত করে এবং গ্রাহক তার পছন্দ অনুযায়ী গৃহকর্মী ভাড়া করতে পারেন।




গ্রাহক প্রতি ৫-১০ মিনিট এর মধ্যেই একজন 'গৃহকর্মী' সেবা নিতে পারেন। গৃহকর্মী নিয়োগ করার মাত্র ৩০ মিনিট থেকে ১ ঘন্টার মধ্যে একজন ভেরিফাইড গৃহকর্মী গ্রাহকের বাসায় পৌঁছে যান। এ প্ল্যাটফর্ম এর মাধ্যমে ঘন্টা বা মাসিক ভিত্তিতে গৃহকর্মী দ্বারা কাজ করানো সম্ভব হয়। হ্যালোটাস্ক এর নিয়োগকৃত গৃহকর্মীর বেশিরভাগই ফ্রিল্যান্সার এবং তারা অতিরিক্ত আয়ের জন্য এই প্ল্যাটফর্মে কাজ করেন। সব গৃহকর্মীকে সঠিকভাবে যাচাই করার মাধ্যমে হ্যালোটাস্ক গৃহকর্মী এবং গ্রাহক উভয়ের সুরক্ষা নিশ্চিত করে। উল্লেখ্য যে, একই সাথে উপার্জন এবং দক্ষতা বাড়াতে হেলোটাস্ক সাধারণত রান্না, পরিষ্কার, ধোয়া এবং লন্ড্রি এই ৪ ধরণের কাজে নিবন্ধিত গৃহকর্মীদের প্রশিক্ষণ দিয়ে থাকে।

উল্লেখ্য, উক্ত স্টার্টআপটি এমন একটি এআই ড্রিভেন আইভিআর টেকনোলজি ব্যবহার করছে যার ফলে সাধারন ব্লু-কলার কর্মীদের অর্থাৎ যাদের স্মার্টফোন নেই তাদেরও ইন্টারনেটে সংযুক্ত করতে পারে।

**অর্থনৈতিক পরিসর** হ্যালোটাস্ক প্ল্যাটফর্মটি মূলত পে-পার-ইউজ এবং সাবস্ক্রিপশন মডেলে কাজ করে। হ্যালোটাস্ক এর বর্তমান গড় মাসিক আয় প্রায় ৩৫ লাখ টাকা এবং বার্ষিক রেভিনিউ প্রায় ৩.৫ কোটি টাকারও বেশি। অভ্যন্তরীন তথ্যানুযায়ী, প্রতিষ্ঠানটির ভ্যালুয়েশন দাড়িয়েছে ২৫ কোটি টাকারও বেশি। ২০১৯ সালে আইডিয়া প্রকল্প থেকে হ্যালোটাস্ক প্রি-সীড স্টেজে ১০ লক্ষ টাকা অনুদানের জন্য মনোনিত হয়। এছাড়া, অ্যাকসেলেরেটিং এশিয়া, ইউএসএআইডি, ওক্সফাম, বাংলাদেশ অ্যাঞ্জেলস্, গ্রীনব্রিজ ক্যাপিটাল, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড থেকে উক্ত প্রতিষ্ঠানটি ইতোমধ্যে বিনিয়োগ পেয়েছে যা স্টার্টআপটির কার্যক্রম এবং সেবার উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে। এ পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানটি ৭ লাখ ১৫ হাজার ইউএস ডলারের বেশি অর্থ বৈদেশিক বিনিয়োগ হিসেবে আনতে সক্ষম হয়েছে।

**ব্যাপ্তি** হ্যালোটাস্ক অ্যাপটি এ পর্যন্ত ১.৫ লাখেরও বেশিবার ডাউনলোড হয়েছে। এতে ১ লাখ ২০ হাজার এর বেশি গ্রাহক ও ২৪ হাজার এর বেশি নিবন্ধিত গৃহকর্মী রয়েছে। হেলোটাস্ক তাদের সার্ভিস যাত্রায় প্রায় ৬ লক্ষ অর্ডার পরিমান সেবা প্রদান করেছে।

**অর্জন** হ্যালোটাস্ক ২০১৯ সালে আইটি বিজনেসের সাথে দেশের গৃহকর্মীদের সংযুক্ত করার জন্য বিজনেস আইসিটি সার্ভিস সলিউশন-এ পুরস্কার অর্জন করেছে। বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম অনুষ্ঠিত ২০১৯ সালে বাংলাদেশ ইনোভেশন এবং নারী অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়নের জন্য "mBillionth Award" অ্যাওয়ার্ড গ্রহণ করে হ্যালোটাস্ক । এছাড়া, প্রতিষ্ঠানটি ২০১৯ ও ২০২০ সালে বেসিস ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ড অর্জন করে।

| | |
|---|---|
| **টার্গেট গ্রুপ** | গৃহকর্মী কাজের সাথে সংশ্লিষ্ট অথবা গৃহকর্মী প্রয়োজন রয়েছে এমন যে কেউ। |
| **অপারেশন এরিয়া** | বর্তমানে শুধু ঢাকাতে, তবে ভবিষ্যতে সমগ্র বাংলাদেশ। |
| **জনবল** | ২৫ জন |

# HelloTask

**Company** : HelloTask Platform Limited
**Founder** : Mehedi Shoron and Md. Mahmudul Hasan Likhon
**Since** : 2017
**Industry** : Consumer Products and Services
**Website** : hellotask.app

**'HelloTask'** is the first Bangladeshi app-based digital platform to help find trusted, trained and verified domestic workers. The startup is a Dhaka-based secure on-demand maid service provider that connects verified maids with customers through their apps and customers can hire maids of their choice.

Customers can get a 'housekeeper' service every 5-10 minutes. A verified maid arrives at the customer's home within 30 minutes to 1 hour of hiring the maid. Through this platform, it is possible to hire domestic workers on an hourly or monthly basis. Most of the maids employed by Hellotask are freelancers and they work on this platform for extra income. HelloTask ensures the safety of both housekeepers and customers by properly verifying all housekeepers. It should be noted that HelloTask generally trains registered domestic workers in 4 types of jobs namely cooking, cleaning, washing, and laundry to increase earnings and efficiency at the same time.




Note that the startup is using an AI-driven IVR technology that can connect ordinary blue-collar workers i.e. those who don't have smartphones to the internet.

**Financial Status** HelloTask platform mainly works on a pay-per-use and subscription model. Hellotask's current average monthly income is around Tk 35 lakh and annual revenue is over Tk 3.5 crore. According to insiders, the company's valuation is over BDT 25 crore. In 2019, HelloTask was nominated for a grant of BDT 10 lakh at the pre-seed stage from the iDEA Project of ICT Division. Besides, the company has already received investments from Accelerating Asia, USAID, Oxfam, Bangladesh Angels, Greenbridge Capital, and Startup Bangladesh Limited, which are playing a supporting role in the development of the startup's activities and services. So far the company has brought more than 7 lakh 15 thousand US dollars as foreign investment.

**Expansion** The HelloTask app has been downloaded more than 1.5 lakh times so far. It has more than 1,20,000 customers and more than 24,000 registered domestic workers. Hellotask has served nearly 6 lakh orders in their service journey.

**Achievement** HelloTask won the 2019 Business ICT Service Solutions award for connecting domestic workers to IT businesses. Hellotask also received the “mBillionth Award” for Bangladesh Innovation and Women Inclusion and Empowerment held by the Bangladesh Brand Forum in 2019. Besides, this startup won the BASIS National ICT Award in 2019 and 2020.

**Target Group** Anyone engaged in domestic workers –maids, cooks, and cleaners or in need of domestic assistance.

**Operation Area** Currently only in Dhaka, but in the future the whole of Bangladesh.

**Human Resources** 25